# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 13-02-2025** **Time: 7-50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ২০০৭ সালে নন্দীগ্রাম ও খেজুরীতে জমি অধিগ্রহণ বিরোধী আন্দোলনের সময় হত্যাকান্ড সম্পর্কিত ১০ টি ফৌজদারি মামলার অভিযুক্তদের বিচারের মুখোমুখি হতে হবে বলে রায় দিয়েছে কলকাতা হাইকোর্ট।

২) অপারেশন সাইবার শক্তি অভিযানের মাধ্যমে সাইবার অপরাধের সঙ্গে যুক্ত ৪৬ জনকে গ্রেপ্তার করেছে রাজ্য পুলিশ। উদ্ধার বিপুল পরিমাণ নগদ টাকা।

৩) ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ণের জন্য বাজেটে ৫০০ কোটি টাকা ঘোষণা ঐতিহাসিক বলে মন্তব্য করেছেন সেচমন্ত্রী মানস রঞ্জন ভুইঞা।

৪) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় নতুন আয়কর বিল পেশ করেছেন। সংসদে জমা পড়েছে ওয়াকফ সংশোধনী বিল ২০২৪।

৫) যথোচিত ধর্মীয় মর্যাদার সঙ্গে আজ পালিত হচ্ছে শব-এ-বরাত।

৬) আজ বিশ্ব বেতার দিবস। এবারের মূল ভাবনা বেতার ও জলবায়ু পরিবর্তন।

--------------------------------------------------------------------------------

২০০৭ সালে নন্দীগ্রাম ও খেজুরীতে জমি অধিগ্রহণ বিরোধী আন্দোলনের সময় হত্যাকান্ড সম্পর্কিত ১০ টি ফৌজদারি মামলার অভিযুক্তদের বিচারের মুখোমুখি হতে

হবে বলে কলকাতা হাইকোর্ট রায় দিয়েছে। পাশাপাশি আদালত এ সংক্রান্ত মামলাগুলি পুনরায় শুরু করা এবং অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণেরও নির্দেশ দিয়েছে। বিচারপতি দেবাংশু বসাকের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ, রায়ে জানিয়েছে, অন্তত ১০ জন ব্যক্তিকে হত্যাকান্ড সম্পর্কিত মামলাগুলি থেকে রেহাই দেওয়া হয়েছিল, যা আইনগতভাবে ভ্রান্ত। ২০২০ সালে ফৌজদারি কার্যবিধির ৩২১ নম্বর ধারা অনুযায়ী এই মামলাগুলি প্রত্যাহার করে রাজ্য সরকার। বেঞ্চ আরও বলেছে যে, এই ধারা প্রয়োগে রাজ্য সরকারের সিদ্ধান্ত আইনসঙ্গত বা বৈধ নয়।

---------------------------

রাজ্য পুলিশের বিশেষ তদন্তকারী দল অভিযান চালিয়ে সাইবার প্রতারণার একটি চক্র ভেঙে দিয়েছে। বীরভূম, আসানসোল সহ বেশ কয়েকটি জায়গায় তল্লাশি চালিয়ে পাকড়াও করা হয়েছে ৪৬ জনকে। দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা থেকে একাধিক সংস্থার নাম করে প্রতারণা, ডিজিটাল অ্যারেস্ট, চাকরী দেওয়ার নাম করে প্রতারণার অভিযোগ আসছিল। এরপরই রাজ্য পুলিশ অপারেশন সাইবার শক্তি অভিযান শুরু করে। এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার আজ এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, এপর্যন্ত নগদ সাড়ে চার লক্ষ টাকা, মোবাইল ফোন, সিমকার্ড এবং ডেবিট কার্ড বাজেয়াপ্ত হয়েছে। ধৃতরা সকলেই জামতারা গ্যাং-এর সঙ্গে যুক্ত বলে তিনি জানান।

বাইট

আগামীদিনেও অভিযান চলবে বলে এডিজি দক্ষিণবঙ্গ জানিয়েছেন।

---------------------------

ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ণের জন্য রাজ্য বাজেটে ৫০০ কোটি টাকা বরাদ্দের ঘোষণা ঐতিহাসিক বলে রাজ্যের সেচ মন্ত্রী ডাক্তার মানস রঞ্জন ভুঁইঞা মন্তব্য করেছেন। আজ সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের কাছে বিভিন্ন সময়ে দরবার করা হলেও সহযোগিতা মেলেনি। মাস্টার প্ল্যান রূপায়ণের বিষয়টি নিয়ে আগামী রবিবার জেলাস্তরে রূপায়ণ কমিটি এবং ব্লক স্তরের কমিটি গুলির মধ্যে বৈঠক হবে বলে মানস বাবু জানান।

রাজ্য সরকার এই পরিকল্পনা রূপায়ণের জন্য বরাদ্দ করায় তিনি আনন্দিত বলে সাংসদ দীপক অধিকারী - দেব মন্তব্য করেছেন।

---------------------------

ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য কোনোরকম বিস্তারিত প্রকল্প রিপোর্ট ছাড়াই টাকা বরাদ্দ করা হয়েছে বলে সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। আজ মেদিনীপুর শহরে দলীয় বৈঠকে যোগ দিয়ে তিনি বলেন, বাজেটে বরাদ্দ ৫০০ কোটি টাকা দিয়ে ঠিকাদারদের পকেট ভরানোর ব্যবস্থা করা হল। তিনি একে ঘোটালা প্ল্যান বলেও কটাক্ষ করেন।

অন্যদিকে, রাজ্য বাজেটে ঘাটাল মাস্টার প্ল্যানের প্রথম দফার কাজের জন্য ৫০০ কোটি টাকা বরাদ্দকে স্বাগত জানিয়েছে ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ন সংগ্রাম কমিটি।

---------------------------

তৃণমূল কংগ্রেস অনলাইনে ভোটারতালিকায় নাম নথিভুক্তিকরণের বিরোধীতা করবে বলে জানিয়েছে। আজ কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে দলের প্রবীণ নেতা

তথা কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, এব্যাপারে দল নির্বাচন কমিশনারকে চিঠি দেবে।

বাইট

উল্লেখ্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল অভিযোগ করেন, মহারাষ্ট্রের মত এরাজ্যেও ভোটার তালিকায় বাইরের লোকের নাম ঢোকানোর চেষ্টা হচ্ছে।

ভুয়ো ভোটার তালিকায় নাম ঢোকানোর কাজ রাজ্যের শাসকদল করে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সাংবাদিকদের বলেছেন, ১৬ লক্ষ ভুয়ো ভোটারের তালিকা বিজেপি খুব তাড়াতাড়ি কমিশনের কাছে তুলে দেবে।

বাইট

----------------------------

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ লোকসভায় নতুন আয়কর বিল পেশ করেছেন। ১৯৬১ সালে আয়কর আইনে বদল আনতে এই বিল তৈরি করেছে কেন্দ্র। অর্থমন্ত্রী সংসদে বিলটি পেশ করে বলেন, সাধারণ মানুষের স্বার্থে আয়কর আইনের ধারা কমিয়ে ৫৩৬-এ নামিয়ে আনা হয়েছে। তিনি বিলটিকে সংসদের সিলেক্ট কমিটিতে পাঠানোরও সুপারিশ করেছেন।

উল্লেখ্য, লোকসভায় প্রথম পর্বের বাজেট অধিবেশন আজ শেষ হচ্ছে। বিরতির পর আগামী ১০’ই মার্চ অধিবেশনের দ্বিতীয় পর্ব আবার শুরু হবে।

এদিন ওয়াকফ সংশোধনী বিল-২০২৪-এর ওপর যৌথ কমিটির রিপোর্টও সংসদে জমা পড়েছে।

তৃণমূল কংগ্রেস ওয়াকফ সংশোধনী বিল পেশের বিরোধীতা করেছে। দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী বলেছেন, বিজেপি বিরোধীদের কন্ঠস্বরকে রোধ করার চেষ্টা চালাচ্ছে। রাজ্য বিধানসভায় পেশ করা বাজেটের সমালোচনার জবাবে তিনি বলেন, বাজেট বক্তব্য না বুঝেই সমালোচনা করার প্রবণতা বেড়েছে। কেন্দ্রীয় বাজেটে বাংলার জন্য কোনো কিছু নেই বলেও তিনি অভিযোগ করেন।

বাইট

---------------------------

কিছু জটিলতা তৈরি হওয়ায় রাজ্য সরকার পূর্ব মেদিনীপুরের তাজপুরে গভীর সমুদ্র বন্দর নির্মাণের জন্য পুরনো দরপত্র বাতিল করে নতুন দরপত্র ডাকার বিষয় ভাবনা চিন্তা করছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল বিধানসভায় সাংবাদিকদের বলেন এই বিষয়ে আইনি পরামর্শ নেওয়া হচ্ছে। মুখ্য সচিব বিষয়টি দেখছেন। সবদিক বিবেচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে তিনি জানান। উল্লেখ্য পঁচিশ হাজার কোটি টাকা ব্যয়ে এই সমুদ্র বন্দর নির্মাণের জন্য ইতিপূর্বে দরপত্র ডেকে আদানি শিল্প গোষ্ঠীকে বন্দর নির্মাণের দায়িত্ব দেওয়া হয়েছিল। কিন্তু গত দেড় বছরেও কাজ কিছু এগোয়নি।

---------------------------

নদীয়ার হরিণঘাটার ম্যাকাউটে ছাত্রী মৃত্যুর ঘটনায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারকে ছুটিতে পাঠানো হয়েছে। গত সোমবার বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে পাঁচতলার ওপর থেকে ঝাঁপ দিয়ে ছাত্রীটি আত্মঘাতী হয় বলে অভিযোগ। আজ ক্যাম্পাসে স্বাভাবিকভাবেই ক্লাস শুরু হয়েছে। আগামী ১৭ই ফেব্রুয়ারি বাকি পরীক্ষাগুলিও শুরু হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য তাপস চক্রবর্তী। পড়ুয়াদের একাংশ রেজিস্ট্রার পার্থ

প্রতিম লাহিড়ীর বিরুদ্ধে ছাত্রীটিকে হাসপাতালে নিয়ে যেতে বিলম্বের অভিযোগ তুলেছিল। এর প্রেক্ষিতেই রেজিস্ট্রারকে আপাতত ছুটিতে পাঠানো হয়েছে বলেও তিনি জানান। তবে রেজিস্ট্রারের কোনো বক্তব্য পাওয়া যায়নি।

----------------------------

সিগন্যাল এবং অন্যান্য প্রযুক্তিগত কাজের জন্য মেট্রোরেল, হাওড়া ময়দান ও সেক্টর ফাইভ করিডরে দু-দফায় আট দিন ট্রেন পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। প্রথম দফায় আজ থেকে রবিবার এবং দ্বিতীয় দফায় আগামী বৃহস্পতিবার ২০ তারিখ থেকে ২৩ শে ফেব্রুয়ারি হাওড়া ময়দান - এসপ্ল্যানেড এবং শিয়ালদা ও সেক্টর ফাইভের মধ্যে কোনো ট্রেন চলাচল করবে না। এর জেরে নিত্যযাত্রীরা চরম ভোগান্তির মধ্যে পড়বেন বলে আশঙ্কা করা হচ্ছে।

যাত্রী অসুবিধার কথা মাথায় রেখে পরিবহন দপ্তর অতিরিক্ত বাস ও ভেসেল চালাবে বলে দপ্তরের মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী জানিয়েছেন।

----------------------------

সারা বিশ্বের সঙ্গে ভারতীয় উপমহাদেশেও আজ সূচনা হয়েছে শব-এ-বরাতের। মুসলিম সম্প্রদায়ের কাছে গুরুত্বপূর্ণ এই রাতে ঈশ্বরের কাছে ক্ষমা প্রার্থনা করা হয়। একইসঙ্গে তিনি সন্তুষ্ট হলে প্রার্থনাকারীর সারা বছরের খাদ্য, স্বাস্থ্য, সমৃদ্ধি বরাদ্দ হয় বলে বিশ্বাস। একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

----------------------------

আজ বিশ্ব বেতার দিবস। প্রতি বছর ১৩-ই ফেব্রুয়ারী মানুষের মধ্যে রেডিওর গুরুত্ব এবং রেডিওর মাধ্যমে তথ্য সংগ্রহে উৎসাহিত করার জন্য এই দিনটি পালন করা হয়। পৃথিবীর প্রতিটি প্রান্তে লক্ষ লক্ষ মানুষের জীবনে ইথার তরঙ্গের মাধ্যমে বার্তা পৌঁছে দেওয়ার যে অনন্য শক্তি রেডিওর রয়েছে, তাকে আজকের দিনে স্মরণ করা হয়। এবছরের বিশ্ব বেতার দিবসের মূল ভাবনা বেতার এবং জলবায়ু পরিবর্তন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বেতার দিবসে শুভেচ্ছা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি বলেন, রেডিও অনেক মানুষের কাছে জীবনযাত্রার অঙ্গ। সংবাদ, সংস্কৃতি চর্চা থেকে শুরু করে সঙ্গীত, গল্প বলা পর্যন্ত বেতার একটি শক্তিশালী মাধ্যম যা সৃজনশীলতাকে উদযাপন করে।

----------------------------

রেডিও ও জলবায়ু পরিবর্তন এই মূল ভাবনাকে মাথায় রেখে আকাশবাণী কলকাতা এফএম বিভাগ উত্তর কলকতার বাগবাজারে এদিন বৃক্ষরোপন কর্মসূচীর আয়োজন করে। ভবিষ্যত প্রজন্মের জন্য পরিবেশ রক্ষার বার্তাও পৌঁছে দেওয়া হয়। উপস্থিত ছিলেন এফএম বিভাগের অনুষ্ঠান আধিকারিক শুভায়ন বালা এবং আর জে রা। এই উদ্যোগ নিয়ে ডেপুটি ডিরেক্টর প্রোগ্রাম ডক্টর মৌসুমী চ্যাটার্জী বলেন, দেশের বৃহত্তম পাবলিক সার্ভিস ব্রডকাস্টার হিসাবে পরিবেশ রক্ষার এই প্রচেষ্টায় আকাশবাণীও সামিল হয়েছে।

----------------------------

বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া (বিএসআই) , আজ কলকাতায় যথাযোগ্য মর্যাদার সঙ্গে তাদের ১৩৬ তম প্রতিষ্ঠা দিবস পালন করে। এই উপলক্ষ্যে প্ল্যান্ট

ট্যাক্সোনমি, এথনোবোটানি, বোটানিক গার্ডেনস এবং বায়োডাইভার্সিটি বিষয়ে ৩ দিনের আন্তর্জাতিক আলোচনাচক্রেরও সূচনা হয়।

----------------------------

উত্তরাখণ্ডে আজ জাতীয় গেমসে বাংলা আরো দুটি সোনা, একটি রূপোর পদক জয় করেছ। টেবল টেনিসে মিক্সড ডাবলসে অনির্বাণ ঘোষ ও ঐহিকা মুখার্জি স্বর্ণ পদক পেয়েছেন। জিমন্যাস্টিক্স এ প্রণতি দাস সোনা এবং প্রতিষ্ঠা সামান্থা রূপো জিতেছেন। বাংলা ১৬ টি সোনা, ১৩ টি রূপো, ১৮ টি ব্রোঞ্জ সহ ৪৭ টি পদক নিয়ে পদক তালিকার অষ্টম স্থানে আছে।

---------------------------- ----------------------------